

২৮ক
(বলরামবাবুকে লিখিত)

রামকৃষ্ণেজয়তি

গাজিপুর, ১১/১২/১৮৯০

পূজ্যপাদেষ্য,

আপনার প্রেরিত পুস্তক পাইয়াছি। হ্রষীকেশে (অমুকের) পুনরায় জুর হইয়াছে -- Malaria ধরিল
বোধ হয়। যাহাদের কখনও জুর হয় নাই, হইলে শীত্র ছাড়ে না। আমি ও প্রথম জুরে ঐ প্রকারে ভুগি। তাহার
পূর্বে কখনও জুর হয় নাই। আমি হ্রষীকেশের কোন চিঠি পাই নাই। (অমুক) কোথায়? আমি কোমরে একটা
বেদনায় বড় ভুগিতেছি -- Allahabad-এ সুরু হয়। মধ্যে সারিয়া যায়। আবার হইয়াছে। অতএব এস্থানে
কিছুদিন থাকিতে হইবে। বাবাজিরও অত্যন্ত অনুরোধ আমি কিছুদিন থাকি। কাঁচা রুটির কথা যে
লিখিয়াছেন তাহা সত্য বটে। কিন্তু সাধু ঐ রকমেই মরে। ঘটি-বাটির মতন নহে। এবার শীত্র কাবু হচ্ছি
নাই। আর মরিলেই ভাল। যে যত শীত্র যায় তত লাভ।

দাস

নরেন্দ্র